মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

কলেজ শাখা

**E-mail** : ic@ bise-ctg.gov.bd, **Website**: www.bise-ctg.gov.bd


(একই তারিখ ও স্মারকে সংশোধিত ও প্রতিস্থাপিত)

স্মারক নং-চশিবো/ক-শা/ভর্তি নীতিমালা (বিজ্ঞপ্তি)/৪৩১/২০১৬ (অংশ-১)/৬৯৮২ (৩০০) তারিখ: ১৬/০২/২০২২

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তি সংক্রান্ত

# জরুরী বিজ্ঞপ্তি

২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে কলেজসমূহকে নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে-

১। শিক্ষামন্ত্রণালয় কর্তৃক ঘোষিত ভর্তি নীতিমালা ২০২১ এর নির্দেশনা অনুসরণ করতে হবে।

২। কলেজসমূহে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা ১৯/০২/২০২২ তারিখ **www.xiclassadmission.gov.bd** -তে প্রকাশ করা হবে। কলেজসমূহ College Login-এ Click করে User ID হিসেবে কলেজের EIIN ও Password ব্যবহার করে Result Download - এ Click করে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা Shift, Group, Merit, Quata ভিত্তিতে পৃথক PDF ডাউনলোড করতে হবে। কোন শিক্ষার্থী কোন কলেজে মনোনীত হয়েছে তা উক্ত ওয়েবসাইটে রোল, রেজিস্ট্রেশন নম্বর,পাসের সন দিয়ে জানা যাবে। অটো মাইগ্রেশন হওয়া শিক্ষার্থীর নাম প্রাথমিক নিশ্চায়নকৃত কলেজে থাকবে না। তার নাম মাইগ্রেশন প্রাপ্ত কলেজে থাকবে। এই ওয়েব সাইটে View Result-এ Click করে শিক্ষার্থীর ফলাফল জানা যাবে। এজন্য বোর্ডে আসার প্রয়োজন নাই।

৩। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ভর্তিকৃত শিক্ষার্থীদের Approve (কলেজ কর্তৃক নিশ্চায়ন) করতে হবে। **কোন শিক্ষার্থী SSC পরীক্ষার মূল Academic Transcript ভর্তির সময় জমা দিতে না পারলেও কলেজ কর্তৃক ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা Approve করে দিতে হবে।** পরবর্তীতে ৫ মার্চ ২০২২ তারিখের মধ্যে অবশ্যই মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা নিতে হবে। শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা ছাড়া পরবর্তীতে esif বা Subject Registration করা যাবে না। যে শিক্ষার্থী ভর্তি হবে না তার নাম Approve (কলেজ কর্তৃক নিশ্চায়ন) করা যাবে না।

৪। ভর্তিকৃত শিক্ষার্থীদের Approve (কলেজ কর্তৃক নিশ্চায়ন) এর ক্ষেত্রে User ID হিসেবে কলেজের EIIN এবং Password ব্যবহার করে সতর্কতার সাথে নির্ধারিত সময়ে Online এ নির্ধারিত পদ্ধতিতে Student list থেকে Approve (কলেজ কর্তৃক নিশ্চায়ন) করে ভর্তি কার্যক্রমের প্রাথমিক ধাপ সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ে Approve বা কলেজ কর্তৃক নিশ্চায়ন না করলে শিক্ষার্থীর ভর্তি বাতিল হয়ে যাবে ও পরবর্তীতে রেজিস্ট্রেশন করা যাবে না। এক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানগণ দায়ী হবেন বিধায় সতর্ক থাকতে হবে।

৫। eSIF বা Subject Registration সংক্রান্ত বিজ্ঞপ্তি www.xiclassadmission.gov.bd ওয়েবসাইট ও অত্র শিক্ষা বোর্ডের www.bise-ctg.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে পরবর্তীতে জানানো হবে। নির্ধারিত সময়ে ভর্তি ও Approve কৃত শিক্ষার্থীদের Registration (eSIF) সম্পন্ন না করলে ভর্তি বাতিল হয়ে যাবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানগণ দায়ী হবেন বিধায় সতর্ক থাকতে হবে। কলেজের অনুমোদিত বিষয় থেকে গ্রুপ ভিত্তিক NCTB অনুমোদিত বিষয় কাঠামোর আলোকে শিক্ষার্থীর পঠিত বিষয়সমূহ যাচাই করে eSIF করতে হবে এবং eSIF-কৃত বিষয়সমূহ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে অবহিত করার ব্যবস্থা নিতে হবে।

৬। কলেজের ভর্তি ফি নির্ধারণের ক্ষেত্রে ভর্তি নীতিমালা-২০২১ অনুচ্ছেদ ৫ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণীতে অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের মাসিক বেতন মার্চ-২০২২ থেকে গ্রহণের নির্দেশনা মেনে চলতে হবে (বাংলাদেশ আন্ত: শিক্ষাবোর্ড সমন্বয় কমিটি এর ১৩/০২/২০২২ তারিখের স্মারক নং-বিবিধ/কলেজ/২০২০/৩১৬ অনুযায়ী। যা ইতিমধ্যে শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে দেয়া হয়েছে)।

৭। ভর্তিকৃত শিক্ষার্থীর স্থায়ী ও বর্তমান ঠিকানাসহ পিতা-মাতা, অভিভাবক এবং শিক্ষার্থীর একাধিক মোবাইল নম্বরসহ অন্যান্য তথ্যাদি কলেজে সংরক্ষণ করতে হবে।

৮। ভর্তি নীতিমালা-২০২১ এর ৬.০ অনুচ্ছেদে উল্লেখ্য **'অনলাইন ব্যতীত ম্যানুয়ালী কোন ভর্তি কার্যক্রম করা হবে না'**।

৯। নিয়মিত কলেজ ভর্তির ওয়েব সাইট www.xiclassadmission.gov.bd ও শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.bise-ctg.gov.bd পর্যবেক্ষণ করতে হবে।

Ahoque 16/2/22

(প্রফেসর মো: জাহেদুল হক)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড

চট্টগ্রাম।